



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

পত্র নং-গাগা/প্রকা/প্রচার/২০২৩- ৭১৭ (৫)

তারিখ : ৩/০৬/২০২৩

গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ

২৯ মে হতে ২ জুন, ২০২৩ ৫দিন ব্যাপী সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর ঢাকায় বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ২৯ মে, প্রশিক্ষণের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার ও গ্রেড ওয়ান কর্মকর্তা (অঃ), জনপ্রশাসন মন্ত্রণালয় কাজী জেবুন্নেছা বেগম। অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে জাতীয় কমিশনার গার্ল গাইডের পক্ষে দূত হয়ে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে কাজ করার আহবান জানান।

প্রশিক্ষণ কর্মসূচির মধ্যে ছিলো গার্ল গাইডিং পরিচিতি, উদ্দেশ্য, গাইডের ইউনিফর্ম সম্বন্ধে ধারণা, গাইডের ইতিহাস, গাইডের প্রতিজ্ঞা, লক্ষ্য, গাইডের নিয়মাবলী, পরোপকার, বাঁশীর সংকেত, হাতের ইশারা, ও জাতীয় পতাকা সম্বন্ধে জ্ঞান ও জাতীয় সঙ্গীত, সেরিমোনিয়ালস, পতাকা পতাকা উত্তোলন, ও পেট্রোল ড্রিল, সালাম চিহ্ন, বা হাত মিলানো, ক্যাম্পিং, হলদে পাখির ঝাঁক পরিচালনা, ওয়াগ্‌স এডুকেশনাল মেথড, টেন্ডারফুট গিরা, পতাকা নামানো, কোম্পানী পরিচালনা, হলদে পাখিদের দীক্ষাদান অনুষ্ঠান, বিশ্ব ব্যাজ ও বিশ্ব পতাকা, টেন্ডারফুট ব্যাজ সম্বন্ধে ধারণা ও ব্যবহার বিধি, গার্ল গাইডের ৬টি ক্ষেত্র সম্বন্ধে ধারণা, নৈপুণ্য সূচক ব্যাজ অ্যাওয়ার্ড, পদ চিহ্ন অনুসরণ, হাইকিং, রেঞ্জারদের প্রতিজ্ঞা বাস্তবায়ন ধারা, এ্যাডভান্স গিরা, গান, বিশ্ব সঙ্গীত, খেলা, আন্তর্জাতিক জ্ঞান, ওয়াগ্‌স এর কারেন্ট ইস্যু, রেঞ্জার ইউনিটের ধারণা, গাইডারের দায়িত্ব, কর্তব্য ও গুণাবলী ইত্যাদি। প্রশিক্ষণ প্রদান করেন, প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), প্রাক্তন প্রশিক্ষণ কমিশনার সাহেদা হোসেন চৌধুরী, রেঞ্জার কমিশনার অধ্যাপক শামীম আরা, হলদে পাখি কমিশনার বেলা রাণী সরকার, আন্তর্জাতিক কমিশনার মোহসীনা আশরাফ, রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, জেনারেল সেক্রেটারি তানজিনা বিনতে মোশাররফ, প্রাক্তন ট্রেইনার আফরোজা বেগম, হোসনে আরা বেগম, জাতীয় কার্যালয়, ওয়ারেন্ট গাইডার হোসনে আরা বেগম। জাতীয় কার্যালয়ের ট্রেইনার সালেহা বেগম, ঢাকা অঞ্চলের ট্রেইনার, তাসলিমা আক্তার, রাজধানী অঞ্চলের ট্রেইনার মোসা: কামরুন্নাহার ও তিথি দে। অংশগ্রহণকারীদের পরীক্ষা গ্রহণ করেন জাতীয় কার্যালয়ের ট্রেইনার সালেহা বেগম।

২ জুন, ২০২৩ প্রশিক্ষণের সমাপনী দিনে অংশগ্রহণকারীদের মাঝে সনদ পত্র বিতরণ করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, পারভীন লায়লা, অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা। অনুষ্ঠানে গাইড সদস্য ও শারীরিক শিক্ষা কলেজের শিক্ষক উপস্থিত ছিলেন। ট্যাপস্ এর মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়। সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুরে প্রশিক্ষণরত ২৪ জন বিপিএড প্রশিক্ষণার্থী গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ গ্রহণ করেন।



সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা